e-Paper_Jaruree Guide_04.11.2026_Layout 1 04-11-2026 21:45 Page 1

সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City SAFE DRIVE SAVE LIFE
The dream come true
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.
ভর্তি-২০২৭
ম্যাচমিশন ভর্তের জন্য স্ক্যান করুন

জরুরী
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
আমার শহর
কাজের খবর | বিক্রয় | ভাড়া
পাত্র পাত্রী | তথ্য সংবাদ
আরো অনেক বিষয়ের খবর-খবর
খোঁজ
খোঁজ.in
বিজ্ঞাপন দেবার জন্য ফোন করুন 9233 44 45 46

ওঁ
গাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা
জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

১১/৬১১ aamaarshahor.com মালদা ১৭ কার্ত্তিক, ১৪৩৩ বুধবার, ৪ নভেম্বর, ২০২৬ ২৪ বর্ষ ১৬ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

কুমারী পূজা
মূর্ত মহেশ্বরের মাতৃ আরাধনা

কুমারী পূজা আজকে একটি গুরুত্বপূর্ণ পুজোর অংশ, বেশিরভাগ ক্ষেত্রে এটা মহাষ্টমীতে হয়, কিছু ক্ষেত্রে মহানবমীতেও হয়।

পুরাকালে কোলাসুর নামক এক দানবকে দেবী কুমারীরূপে বধ করেন। আর ছড়িয়ে যায় কুমারী পুজোর কথা। এক থেকে ষোলো বছর বয়সী কন্যাকে কুমারী পুজো করা যায়। বয়স অনুযায়ী এনাদের ভিন্ন ভিন্ন নাম। কন্যার বয়স এক হলে 'সন্ধ্যা', দুই হলে 'সরস্বতী', তিন হলে 'ত্রিধামূর্তি', চার হলে 'কালিকা', পাঁচ হলে 'সুভগা', ছয়ে 'উমা', সাতে 'মালিনী', আট-এ 'কুব্জিকা', নয় হলে 'কালসন্দর্ভা', দশ হলে 'অপরাজিতা', এগারো হলে 'রুদ্রাণী', বারোয় 'ভৈরবী', তেরোয় 'মহালক্ষ্মী', চোদ্দোয় 'পীঠনায়িকা', পনেরো হলে 'ক্ষেত্রজ্ঞা' ও ষোলো হলে 'অম্বিকা'।

বিবেকানন্দ ও কুমারী পুজো করেছিলেন বেলুড় মঠে। এই পুজোর মূল উদ্দেশ্য আদিশক্তি মহামায়া যার ক্ষুদ্র অংশ কুমারীর মধ্যে নিহিত তা উপাসনা করা। ১৩০৮ বঙ্গাব্দে তিনি যখন কুমারীপূজা শুরু করলেন বেলুড়মঠে, গৌরিমায়ের সহায়তায় যিনি ছিলেন শ্রীরামকৃষ্ণের শিষ্য, নয়জন কুমারীকে পূজা করেছিলেন। বিবিধ উপাচার ও নৈবেদ্য সহকারে তিনি পূজা করেছিলেন। বিভিন্ন বয়সের কুমারী ছিল সেখানে, যার মধ্যে সবথেকে ছোট বয়সী কুমারীকে মাথায় তিলক পরাতে গিয়ে এমনই তিনি ভাবে নিমগ্ন ছিলেন শিউরে উঠে তিনি বলেছিলেন 'আহা দেবীর তৃতীয় নয়নে আঘাত লাগেনি তো?'

স্বামীজির মতো ব্যক্তিত্ব কুমারী পূজাকে প্রাধান্য দিয়েছেন, আজকের কিছুজনের কাছে এটি নাকি ছোট মেয়েদের উপর অত্যাচার, বেসলেস বিষয়। বাস্তবে কুমারী পূজার তন্ত্র উপাসনার অঙ্গ যা বৃহদ্ধর্ম পুরাণ ও অন্যান্য পুরাণে উল্লেখিত। আর স্বামীজির এই কুমারী পূজাকে মান্যতা দিয়েছিলেন স্বয়ং জগদ্ধাত্রী মা সারদা নিজেই। নিজেও করেছিলেন 'এয়োরাণী পূজা'।

স্বামীজি কে যদিও কেউ বা না মানেন, মা কে মানতেই হয়, মা সারদার আদর্শকে মানতেই হয়।

DMR MERCY HOSPITAL PVT LTD
Mercy and Care Hand in Hand

নিয়োগ বিজ্ঞপ্তি

DMR Mercy Hospital-এ কাজের জন্য নিম্নলিখিত পদগুলিতে যোগ্য প্রার্থী নিয়োগ করা হচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য দক্ষতা
X-Ray Technician	১	স্বীকৃত প্রতিষ্ঠান থেকে Radiography / X-Ray Technology-তে ডিপ্লোমা।	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
Receptionist (Female)	১	ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ। কম্পিউটারের সাধারণ জ্ঞান ও ভালো যোগাযোগ দক্ষতা থাকতে হবে।	রোগী ও তাঁদের পরিবারের সঙ্গে ভদ্র ব্যবহার, ফোন কল পরিচালনা এবং রেজিস্ট্রেশনের কাজে দক্ষ হতে হবে।

আবেদনের নিয়মাবলি
বেতন: যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী আলোচনা সাপেক্ষে।
আবেদনের শেষ তারিখ: ১০ নভেম্বর, ২০২৬
আবেদন পদ্ধতি: আগ্রহী প্রার্থীদের তাঁদের আপডেটেড CV WhatsApp-এর মাধ্যমে পাঠাতে হবে।
WhatsApp: 89067 71810

Jadupur (Gabgachi)
English Bazar, Malda
9732793209
9734964443
dmrmercy.com
FOLLOW US :

প্রেস ক্লাব অফ নর্থবেঙ্গল
মালদা শাখার উদ্যোগে



❁ শরৎপল্লী সর্বজনীন (মহিলা পরিচালিত) দুর্গোৎসব কমিটি ❁ ২নং গভঃ কলোনি সর্বজনীন দুর্গোৎসব কমিটি ❁ ১নং গভঃ কলোনি দুর্গোৎসব কমিটি, (অনীক সংঘ) ❁ হায়দারপুর অগ্রণী ক্লাব। ❁ মহেশমাটি অভিযান সংঘ ❁ মালদা ঝঙ্কার ক্লাব ❁ পিরোজপুর উজ্জ্বল ক্লাব ❁ মালদা শিবাজী সঙ্ঘ ❁ মালদা কৃষ্ণ কালিতলা কল্যাণ সমিতি ❁ অতুল মার্কেট সার্বজনীন দুর্গোৎসব কমিটি ❁ জয় মেমোরিয়াল ক্লাব।



বার্থ সার্টিফিকেট | ড্রাইভিং লাইসেন্স | পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট | পলিসি সার্টিফিকেট | রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● ভকত 24/5′2′′ M.A., Eng. অনার্স, সুশ্রী, পিতা ব্যবসায়ী পাত্রীর জন্য সঃ চাকুরে বা প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। ধুলিয়ান। M - 9733225566. NP-0640

● কর্মকার 28/5′3′′ বি.এস.সি., নার্সিং, উঃ শ্যামবর্ণা, স্থায়ী নার্স পদে কর্মরতা। একমাত্র কন্যা। দাবীহীন উপযুক্ত প্রতিষ্ঠিত পাত্র চাই। M - 9832535785. NP-0639

● পূঃবঃ বৈশ্য সাহা 35/5′3′′ স্কুল শিক্ষিকা (H.S.) পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র চাই (মালদা)। M - 9851146026. NP-0517

● কায়স্থ, লাহা 26+/5′3′′ B.Tech., কর্মরতা, ফর্সা, সুশ্রী পাত্রীর জন্য উপযুক্ত শিক্ষিত, সরকারী চাকুরে পাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 9734182101. NP-0596

● মাহিষ্য 32/5′3′′ স্নাতক, সুশ্রী পাত্রীর (গালে অল্প শ্বেতী) জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 96148 68917. NP-0584

● বৈশ্য সাহা 34/5′4′′ M.A., B.Ed., মালদা, H.S. শিক্ষিকা (স্থায়ী) পাত্রীর সঃ চাকুরে / প্রতিষ্ঠিত পাত্র কাম্য। M - 95475 34931. NP-0409

● পূঃ বঃ বৈশ্য সাহা, নরগণ, মালদা নিবাসী 30/5′ B.Tech. (Com. Sci.), রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কর্মরতা পাত্রীর সরকারী চাকুরীজীবি / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র চাই। M - 74790 94862. NP-0638

ডিভোর্সি, হিন্দু 32/5′2′′ ফর্সা, স্নাতক, সংগীত শিল্পী পাত্রীর জন্য উপযুক্ত অনূর্ধ্ব 38 সুপাত্র চাই। শুধু মালদা / পার্শ্ববর্তী জেলা থেকে যোগাযোগ করুন। M - 86375 75353. NP-0624

কায়স্থ 31+/5′ B.Sc., Math. (Hons.), CU, B.Ed., একমাত্র কন্যার জন্য সরকারী চাকুরে ছোট পরিবারের পাত্র কাম্য। M - 98001 69893. NP-0532

হরিশ্চন্দ্রপুর নিবাসী, প্রতিষ্ঠিত ব্যবসায়ী পিতার একমাত্র কন্যা 29/5′4′′ M.A. (Eng.), উজ্জ্বল শ্যামবর্ণা পাত্রীর জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 86709 11851 / 89180 62940. NP-0542

পাত্রী চাই

● 40 বছর বয়সী, হিন্দু, জেনারেল, লম্বা, সরকারী চাকুরীরত (গ্রেড-বি) পাত্রের জন্য সুপাত্রী চাই। M - 9563362908. NP-0605

● ঘোষ 34/5′6′′ M.A., B.Ed., ব্যবসায়ী পাত্রের জন্য 25 অনূর্ধ্ব পাত্রী কাম্য। নিরামিষভোজী অগ্রগণ্য। M- 9002724383. NP-0560

● ঘোষ, কায়স্থ 32/5′3′′ বি.টেক. ইলেক্ট্রিক্যালস, নিজ ব্যবসা, একমাত্র পুত্রের জন্য স্নাতক, সুন্দরী, ঘরোয়া, সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 9475096077. NP-0563

● গন্ধবণিক 42/5′ Triple M.A., B.Ed., সিঙ্গাতলায় নিজস্ব ফ্ল্যাট, প্রাইভেট সংস্থায় কর্মরত পাত্রের জন্য মধ্যবিত্ত পরিবারের সুশিক্ষিতা পাত্রী কাম্য। M - 9733238571. NP-0632

● ব্রাহ্মণ 38/5′4′′ মালদা নিবাসী স্কুল শিক্ষক, একমাত্র পুত্রের জন্য স্নাতকোত্তর সুপাত্রী (সরকারী চাকুরীরতা অগ্রগণ্য) কাম্য। মাঙ্গলিক / মাঙ্গলিক নয় উভয় প্রযোজ্য। M - 7865833334. NP-0582

● মন্ডল 32+/5′8′′ ঝাড়খন্ড গ্রামীণ ব্যাঙ্কে Scale-1 Officer পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 28 মধ্যে শিক্ষিতা, মালদা নিকটস্থ সুপাত্রী অগ্রগণ্য। M - 9126638312. NP-0444

● বসাক, তন্তুবায় 38+, M.A., ব্যবসায়ী, নামমাত্র ডিভোর্স পাত্রের জন্য পাত্রী প্রয়োজন। M - 8918531407 / 9851113638. OTS-1926

● Gen, 28+ সরকারী গ্রন্থালয়ে কর্মরত। B.Sc., Math. (Hons.), B.Ed., ও D.EL.Ed. করা। একমাত্র পুত্র। সুশ্রী পাত্রী কাম্য। (সরকারী কর্মরতা অগ্রগণ্য)। M - 7585937499. NP-0631

বৈশ্য, প্রসাদ, কাশ্যপ গোত্র 31+/5′9′′ ১০ম শ্রেণি পাস, প্রতিষ্ঠিত ব্যবসায়ী, একমাত্র পাত্রের (ডিভোর্সি) জন্য 28 অনূর্ধ্ব পাত্রী কাম্য। M - 73843 52953 / 89003 96053. NP-0642

পঃবঃ মালদা নিবাসী, কায়স্থ, বেঃ সঃ চাঃ, CBSE স্কুলে কর্মরত, 32/5′5′′ M.Sc. (কেমিস্ট্রি-তে ফার্স্ট ক্লাস), B.Ed পাত্রের জন্য অনূর্ধ্ব 28, পঃবঃ (উঃ) সুশ্রী, কায়স্থ পাত্রী কাম্য। M - 87688 48047 / 99331 35001. NP-0625

পাত্রী চাই

● ব্রাহ্মণ, শান্ডিল্য গোত্র 30/5′9′′ B.H.M.S. (Hons.), M.D. (Medicine) পাত্রের জন্য সরকারী বা বেসরকারী চাকুরীরতা ফর্সা, সুন্দরী পাত্রী চাই। M - 7501647028. NP-0546

● বৈশ্য সাহা, Gen. 5′5′′ মালদা নিবাসী সরকারী চাকুরে পাত্রের 35 - 43 মধ্যে সরকারী চাকুরীজীবি পাত্রী চাই। M - 9232 747791. NP-0597

● কায়স্থ 39+/5′10′′ M.Com., C.A., কলিতে বেঃ সঃ প্রতিষ্ঠানে উচ্চপদে কর্মরত পাত্রের জন্য শিক্ষিতা, 36 মধ্যে পাত্রী চাই। M - 9679673102. NP-0526

● ব্রাহ্মণ 44/5′7′′ M.Tech., M.B.A., P.hD, LLM Ph.D, ইঞ্জিনিয়ারিং-এর উপর শিক্ষকতা করে / বিদেশেও পড়ায়। সুদর্শন, ডিভোর্সি উপযুক্ত উচ্চ শিক্ষিতা, সুন্দরী পাত্রী চাই। M - 8918413359. NP-0607

● বৈশ্য সাহা 35+/5′7′′ B.Tech. (Comp. Sc.), রেল দপ্তরে Tech. Gr. - D পদে (বর্তমানে অফিসে Comp.-এ কর্মরত)। মা - বাবা রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণা, 28 - 31 মধ্যে চাকুরীরতা পাত্রী অগ্রগণ্য। M - 9475309781. NP-0571

বৈশ্য সাহা 37/5′11′′ আপার প্রাইমারি শিক্ষক, সুদর্শন পাত্রের জন্য সুন্দরী, শিক্ষিতা, অনূর্ধ্বা 31 পাত্রী চাই। M - 91264 48600. NP-0520

বৈশ্য Gen. 45/5′5′′ M.A., প্রাঃ স্কুল শিক্ষক, ডিভোর্সি, সন্তানহীন পাত্রের জন্য অনূর্ধ্ব 38, ফর্সা, সুশ্রী, স্লিম, নম্র, ভদ্র, সংস্কৃতিমনস্ক সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 79085 55473. NP-0629

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

'উত্তরবঙ্গ সংবাদ'

বাংলা দৈনিক সংবাদপত্রের বিচারে

মালদার যে পূজা কমিটিগুলি এবার পুরস্কার পেল

❁ প্রথম - সর্বজয়ী ক্লাব, মনস্কামনা রোড, ❁ দ্বিতীয় - আমরা সবাই ক্লাব, রবীন্দ্র ভবন মোড়, ❁ তৃতীয় - ব্ল্যাক ডায়মন্ড ক্লাব, গাজোল ❁ কম বাজেটের সেরা নবাগত ক্লাব, ঘোষপাড়া, মঙ্গলবাড়ি।

মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স -এর

পেল যে দশটি পূজা কমিটি

❁ মালদা শিবাজী সংঘ, সর্বজয়ী ক্লাব, ❁ দক্ষিণ বালুচর সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ পুড়াটুলী স্পোর্টিং ক্লাব, ❁ ২নং গভঃ কলোনী সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ অতুল মার্কেট সর্বজনীন দুর্গাপূজা কমিটি, ❁ ঘোড়াপীর সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ❁ কুতুবপুর নয়াগ্রাম হিমালয় সংঘ, ❁ নবাগত ক্লাব, ❁ আমরা সবাই ক্লাব।

দেবি দুর্গা সম্মান ২০২৬ (মালদা)

সেরা পুজো
মালদা শিবাজী সংঘ, অনীক সংঘ, শান্তিভারতী পরিষদ।

সেরা মণ্ডপ
মৈত্রী সংসদ, চাঁচল
সাহাপুর যাদব সমিতি,
পুরাটুলী স্পোর্টিং ক্লাব।

সেরা প্রতিমা
বিবেকানন্দ ক্রীড়া চক্র,
বিবেকানন্দ স্মৃতি সমিতি, চাঁচল
মহানন্দাপল্লী সুকান্ত স্মৃতি সংঘ।

সেরা সমাজ সচেতনতা
নালাগঞ্জ ইউনাইটেড ক্লাব,
সাহাপুর যুবক সমিতি,
মালদা কৃষ্ণকালীতলা কল্যাণ সমিতি ও গ্রন্থাগার।

আরও শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন ৩-এর পাতায়

মালদা জার্নালিস্ট ক্লাব আয়োজিত 'শারদ সম্মান-২০২৬' সেরা ১২

✤ শিবাজী সংঘ, ✤ ২নং কলোনি, ইউনাইটেড ক্লাব ও লাইব্রেরি, ✤ সর্বজয়ী ক্লাব, ✤ প্রান্তপল্লি সর্বজনীন দুর্গোৎসব কমিটি, ✤ অনীক সংঘ, ✤ সাহাপুর যুবক সমিতি, সদরঘাট পুরাটুলি ক্লাব, ✤ আমার সবাই, ✤ মালদা ঝংকার ক্লাব, ✤ পুরাটুলি স্পোর্টিং ক্লাব, ✤ ইউনাইটেড ইয়ংস, ✤ দিলীপ স্মৃতি সংঘ, ✤ হায়দারপুর অগ্রণী ক্লাব।

কেবলমাত্র মালদা জেলার ছোট ও মাঝারি ধরণের ব্যবসায়ী ও বিভিন্ন ধরণের পরিষেবা প্রদানকারী ব্যক্তিরা অবগত হোন।

প্রফেশনাল ব্যক্তিরা বা যেকোন ধরণের ব্যবসা বা পরিষেবার সাথে যুক্ত ব্যক্তিরা নিজেদের পেশাগত বাণিজ্যিক তথ্য বা ব্যবসায়িক তথ্য সম্ভাব্য সকল গ্রাহকদের কাছে পৌঁছে দিতে বিনা খরচে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় ওয়েবসাইট teleguide.in -এ রেজিস্টার করুন।

আপনার ব্যক্তিগত বা প্রতিষ্ঠানের নাম, যোগাযোগের ঠিকানা, ফোন/ মোবাইল, হোয়াটসঅ্যাপ নম্বর, লোকেশন লিংক, যেসব পরিষেবা দিয়ে থাকেন তার বিশদ তথ্য 9233 44 4546 নম্বরে হোয়াটসঅ্যাপ বা এস.এম.এস করুন।

যে তথ্যগুলি প্রকাশ করতে চান তার সত্যতা বিচারে আধার কার্ড, ট্রেড লাইসেন্স, ভিজিটিং কার্ড -এর ছবি পাঠালে তথ্য প্রকাশে অগ্রাধিকার দেওয়া হবে।

আপনি আপনার যে সমস্ত তথ্য গ্রাহকদের জানাতে চান তা লিপিবদ্ধ করে হোয়াটসঅ্যাপ করুন।

এ বিষয়ে আরো জানতে টেক্সট করুন।

হেল্পলাইন - 9233 44 45 46

জরুরী গাইড-এ বাড়িতে বসে শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দিন
WApp - 977 5454 577

কর্মখালি

● প্রাইভেট জব, এইট পাস হলেই চলবে। বেতন আলোচনা সাপেক্ষ, একটি ছেলে প্রয়োজন। M - 9434066962. NP-0621

মালদাতে নিজ চেম্বারে কম্পিউটারে excel-এ কাজ জানা ছেলে / মেয়ে চাই। 4 ঘন্টা - Rs. 5000/-, M - 94342 19397. NP-0524

টিউশন / কোচিং

● পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. NP-0297

চিকিৎসা

চক্রবর্ত্তী হোমিও হল
ডাঃ মন্ময় চক্রবর্ত্তী,
হোমিও ডাক্তার।
যে কোনও রোগের চিকিৎসা স্বল্প মূল্যে করা হয়। সত্বর যোগাযোগ করুন, বিবেকানন্দপল্লী।
M - 87685 11975
(7 P.M. - 9 P.M.). NP-0555

গ্রামের
শিক্ষিতা ও নম্র
পাত্রী চাই?
নাকি
শহরের
স্মার্ট ও ভালো রোজগেরে
পাত্র চাই?
ন্যূনতম 300 টাকায়
গাইডে বিজ্ঞাপন দিন।
ফোন - 9233 44 45 46

পরবর্তী
জরুরী গাইড
সাপ্তাহিক পত্রিকা ও পিরিয়ড
সাকুলেশন আনলিমিটেড
বিতরিত হবে
16 নভেম্বর, 2026,
সোমবার। বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ
10 নভেম্বর, 2026,
মঙ্গলবার,
সন্ধ্যা 7 টার মধ্যে।

কর্মখালি

কর্মখালি

কর্মখালি — SHESHRAJ MEDICARE

অভিজ্ঞ ড্রাইভার চাই — 12 ঘণ্টার ডিউটি। সপ্তাহে এক দিন ছুটি। বেতন আলোচনা সাপেক্ষ।

রিসেপশনিস্ট চাই — কাজের জন্য একজন পুরুষ কর্মী প্রয়োজন। বেতন আলোচনা সাপেক্ষ।

ও.টি. স্টাফ — পদে পাঁচজন কর্মী প্রয়োজন।

মেইনটেনেন্স বিভাগে — কাজের জন্য একজন কর্মী প্রয়োজন।

আয়া-মাসি — এই পদে কাজ জানা ১০ জন কর্মী চাই।

পদের নাম উল্লেখ করে আপনার আবেদন পত্র বায়োডাটা সহ ই-মেইল অথবা হোয়াটসঅ্যাপ করুন —
শেষরাজ মেডিকেয়ার, যদুপুর, মালদা শহর।
E-mail : medicare.sheshraj.com
WhatsApp : 79084 03665

ক্রয়

মালদা শহর থেকে 5 কিমি.-র মধ্যে বাস চলাচলের উপযোগী রাস্তার ধারে 3 বিঘা জায়গা চাই।
M - 97330 61712. NP-0645

বিক্রয়

মালদা শহরের মকদুমপুরে **3rd ফ্লোরে 765 sq.ft., 2 BHK** ফ্ল্যাট রি-সেল করবো।
ফোন - **97495 34322.** NP-0522

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় **"HINDOL" Apartment**-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে **B+G+6 Multi Storied Residential Building**-এ **2 BHK 750 - 850** স্কোয়ারফিট, **3 BHK 1050 - 1150** স্কোয়ারফিট, **4 BHK 1700 - 2000** স্কোয়ারফিট ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।

Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - **WBRERA/P/MAL/2025/002401.**
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

ভাড়া / লীজ

Office space for Rent 1000 sq.ft. R. K. Pally. Suitable for NBFC / Bank / Office / Training Centre.
M - 79080 17003. NP-0533

বিক্রয়

● জমি বিক্রয় হবে 5 কাঠা (সুকান্ত স্মৃতি সংঘের বিপরীতে, মহানন্দাপল্লী)। ফোনে যোগাযোগ করুন - 7646831391. NP-0567

মালদা স্টেশন সংলগ্ন এবং রেল হাসপাতালের সন্নিকটে **3 BHK, 1000 বর্গফুট ফ্ল্যাট বিক্রয়।** মূল্য **45 লাখ।** প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। দালাল নিষ্প্রয়োজন।
M - 83270 09976. NP-0537

পাটুলিতে (দঃ কলিকাতা) জমি বিক্রি।
4 কাঠা 5 ছটাক, কর্ণার প্লট।
কবি সুভাষ মেট্রো **6 - 7 মিনিট।**
33 লাখ/কাঠা
Negotiable.
M - 98300 17788 / 98042 92904. NP-0519

এবার ই-পেপারের মাধ্যমে পৌঁছে যান লক্ষাধিক পাঠকের কাছে

''জরুরী গাইড''-এর প্রথম ই-পেপার সংকলনটি প্রকাশিত হবে ১৬ অক্টোবর, শুক্রবার।

এটি কোন হার্ডকপি বা ফিজিক্যাল নিউজ পেপার নয়। কয়েক পাতার একটি পিডিএফ ফাইল। জরুরী গাইডে সাধারণতঃ যেমন বিভিন্ন ধরণের বিভাগ, লেখা, তথ্য এবং রোজ দরকারে লাগা বিজ্ঞাপনগুলি প্রকাশিত হয় সেই একই ধরণের তথ্য ই এই ই-পেপারে থাকবে। প্রতিবার নতুন নতুন তথ্য।

আগ্রহী বিজ্ঞাপনদাতা হিসাবে আপনার টার্গেট ক্লায়েন্ট কারা?

আমাদের ফিজিক্যাল পেপার পৌঁছায় বাড়ি বাড়ি, যারা মূলতঃ দৈনিক সংবাদপত্রের নিয়মিত পাঠক। সমীক্ষায় জানা গেছে, আমাদের পত্রিকার পাঠক প্রধানত মধ্যবয়স্ক ও বয়োজ্যেষ্ঠরা। প্রচার সংখ্যা ২০ হাজার।

অন্যদিকে, আমাদের ই-পেপার বিভিন্ন সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অর্থাৎ WhatsApp– facebook -এর মাধ্যমে পৌঁছে যাবে ২৫ থেকে ৫০ বছর বয়স্ক তরুণ ও মধ্যবয়স্ক মানুষদের কাছে , যারা জেলার খুঁটিনাটি বিষয়ে নিয়মিত খোঁজখবর রাখতে চান। এই ই-পেপার এর টার্গেট ক্লায়েন্টের সংখ্যা এক লক্ষেরও বেশি। অর্থাৎ একসাথে অনেক বেশি মানুষের কাছে পৌঁছাবে আপনার বক্তব্য।

বিজ্ঞাপনের খরচ ফি জরুরী গাইড পত্রিকার মতো সামান্যই। ন্যূনতম ৫০০ টাকা থেকে শুরু। একবার অংশ নিয়ে দেখুন। কথা দিচ্ছি, এর রেসপন্স আপনাকে মুগ্ধ করবে।

আরো কিছু জানার থাকলে সরাসরি ফোন অথবা WhatsApp করুন 9233 44 4546 নম্বরে।

দুনিয়া ডিজিটাল মিডিয়ার দিকে ঝুঁকছে। আপনিও একবার পরখ করে এর সুফল যাচাই করুন।

সেরা পুজোর সম্মান

মালদা জেলা প্রশাসনের বিচারে এবার সেরা পুজোর জন্য

'দেবি দুর্গা সম্মান" পেল

মালদা শিবাজী সংঘ, অনীক সংঘ ও শান্তিভারতী পরিষদ।

সেরা মণ্ডপের পুরস্কার পেল

চাঁচল মৈত্রী সংঘ, সাহাপুর যাদব সমিতি ও পুড়াটুলি স্পোর্টিং ক্লাব।

সেরা প্রতিমার স্বীকৃতি পেল

বিবেকানন্দ ক্রীড়া চক্র, চাঁচলের বিবেকানন্দ স্মৃতি সমিতি ও মহানন্দাপল্লী সুকান্ত স্মৃতি সংঘ।

সেরা সমাজ সচেতনতার জন্য

পুরস্কার পেল নালাগঞ্জ ইউনাইটেড ক্লাব, সাহাপুর যুবক সমিতি ও কৃষ্ণকালীতলা কল্যাণ সমিতি ও গ্রন্থাগার।

মালদা প্রেস অ্যান্ড ফটোগ্রাফারস অ্যাসোসিয়েশনের 'দুর্গোৎসব শ্রেষ্ঠত্ব সম্মান-২০২৬' পেল ইউনাইটেড ক্লাব (২নং গভঃ কলোনী), আমরা ক'জন (রবীন্দ্রভবন মোড়), পুড়াটুলি স্পোর্টিং ক্লাব, বালুচর কল্যাণ সমিতি, সর্বজয়ী ক্লাব (মনস্কামনা রোড), গয়েশপুর মঙ্গল সমিতি, নাট মন্দির (পুড়াটুলি), এয়ারভিউ কমপ্লেক্স অ্যাসোসিয়েশন, হিমালয় সংঘ (কুতুবপুর), নবীন সংঘ (পুরাতন মালদা)।

শ্রেষ্ঠ মৃৎশিল্পী বিবেক দাস ও শ্রেষ্ঠ কারুশিল্পী অসীম মালাকার।

জ্যোতিষ চর্চা | জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)

তাপস কুমার ব্যানার্জী

M.A.R.P. (Kol)

দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে

Mobile : 98320 78468 / 92326 71649

লাইফ সার্টিফিকেট করার সময় যে তথ্যগুলি সাথে রাখতে হবে

1. P.P.O. Book with latest PPO No.
2. Aadhaar Card
3. Linked mobile No. with recharged handset.
4. Bank Pass Book - Post Office Pass Book

যেখানে পেনশন জমা পড়ে।



জয় মা

কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ

ডঃ অশোক শাস্ত্রী

দক্ষিণা মাত্র ১১০২/-

— উপস্থিত থাকছেন —

প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার

জুবলী রোড, উত্তর বালুচর, মালদা

ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪

মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

মালদা জেলার লক্ষাধিক মোবাইল ব্যবহারকারীর কাছে সরাসরি WhatsApp এবং Facebook -এর মাধ্যমে আপনার বক্তব্য/ বিজ্ঞাপন 'জরুরী গাইড' -এর ই-পেপারের মধ্যে দিয়ে পৌঁছে যাবে। বিজ্ঞাপনের ন্যূনতম দর ৫০০ টাকা অথবা জরুরী গাইডে বিজ্ঞাপনের খরচের সমান।

হোয়াটসঅ্যাপের মাধ্যমে সব বয়সের ইচ্ছুক পাঠকদের কাছে এবং ফেসবুকের মাধ্যমে তরুণ প্রজন্ম ও মধ্য বয়স্কদের কাছে পৌঁছাবে।

'জরুরী গাইড' -এর ই-পেপার প্রকাশিত হবে প্রতি ইংরেজি মাসের তৃতীয় সপ্তাহে। যারা নিয়মিত এই পত্রিকার পিডিএফ ফাইল সংগ্রহ করতে চান তারা 9233 44 4546 নম্বরে হোয়াটসঅ্যাপ এর মাধ্যমে লিখুন <GUIDE> সাথে দিন আপনার গ্রাম বা এলাকার নাম।

ক্লাসিফায়েড এবং ডিসপ্লে-ক্লাসিফায়েড বিজ্ঞাপন একসাথে ২ বারের জন্য বুক করলে তৃতীয়বার প্রকাশিত হবে বিনামূল্যে।

WApp - 9233 44 45 46

Tele Guide.in
যাকে চাই তাকে পাই, পলকে

Trains Running Through

MLDT & NFK STATION

NOVEMBER - 2026

গ্রাম মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়

Mail / Express Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03039	Sat	06:25	06:30	—	—	HOWRAH-NJP JN	Special	NJP JN - HOWRAH	03040	17:10	17:15	—	—	Sat
03105	Fri	14:40	14:50	14:00	14:02	SEALDAH-LUMDING JN	Special	—	—	—	—	—	—	—
03129	Daily	06:20	06:30	—	—	KOLKATA-NJP JN	Special	NJP JN - KOLKATA	03130	17:10	17:20	—	—	Daily
03203	Daily	START	16:00	—	—	MALDA TOWN-KIUL JN	Special	KIUL JN - MALDA TOWN	03204	15:00	END	13:18	13:20	Daily
03409	Thu, Sat	START	20:45	21:15	21:17	MALDA TOWN-PRAYAGRAJ	Special	PRAYAGRAJ-MALDA TOWN	03410	14:.0	END	13:05	13:07	Sat, Mon
03413	Thu, Sun	START	07:10	07.42	07.44	MALDA TOWN-NEW DELHI	Special	NEW DELHI-MALDA TOWN	03414	07:55	END	06.45	06.47	Tue, Sat
03417	Sat	START	12:20	12.52	12.54	MALDA TOWN-UDHNA JN	Special	JHUSI-MALDA TOWN	03418	14:30	END	13.05	13.07	Tue
03425	Fri	START	17:30	18.02	18.04	MALDA TOWN-PUNE JN	Special	PUNE JN--MALDA TOWN	03426	16:30	END	15.30	15.32	Tue
03429	Sat	5:10	END	03.25	03.27	CHARLAPALLI-MLDA TOWN	SF Special	CHARLAPALLI-MALDA TOWN	03430	START	18:10	18.30	18.42	Tue
03435	Mon	START	09:30	10.02	10.04	MALDA TOWN-ANAND VIHAR TERMINAL	Special	ANAND VIHAR TERMINAL-MALDA TOWN	03436	22:30	END	22.07	22.09	Wed
03439	Fri	START	10:00	10.32	10.34	MALDA TOWN-SHAKURBASTI	Special	SHAKURBASTI-MALDA TOWN	03440	01:45	END	00.08	00.10	Mon
03465	Sat	START	13:10	13:42	13:44	MALDA TOWN-DIGHA	Special	DIGHA-MALDA TOWN	03466	08:16	08:18	09:20	END	Sun
05639	Fri	04:50	05:00	—	—	SILCHAR-KOLKATA	Special	KOLKATA- SILCHAR	05640	23:15	23:25	—	—	Fri
05931	Daily	09:10	09:20	07:54	07:56	KOLKATA-DIBRUGARH	Special	DIBRUGARH-KOLKATA	05932	17:10	17:20	17:52	17:54	Daily
06565	Tue	16:30	END	15:20	15:22	SMVT BENGALURU-MALDA	Special	MALDA TOWN-SMVT BENGALURU	06566	START	16:00	16:32	16:34	Wed
08047	Sat	01:10	01:20	—	—	SANTRAGACHI-GUWAHATI	Special	GUWAHATI- SANTRAGACHI	08048	04:50	05:00	—	—	Sun
08871	Tue, Mon	08:00	END	06:33	06:35	NSCB - ITWARI JN - MALDA TOWN	Special	MALDA TOWN - NSCB - ITWARI JN	08872	START	12:55	13:27	13:29	Mon, Tue
09013	Thu	05:10	END	04:05	04-07	UDHNA JN.-MALDA TOWN	Summer Special	MALDA TOWN-UDHNA JN.	09014	START	08:10	08:42	08:44	Thu
09063	Wed	11:30	END	10:52	10:54	UDHNA JN.-MALDA TOWN	Summer Special	MALDA TOWN-UDHNA JN.	09064	START	17:35	18:07	18:09	Wed
09401	Fri	10:00	END	09:15	09:17	AHMEDABAD JN.-MALDA TOWN	Special	MALDA TOWN-AHMEDABAD JN.	09402	START	18:10	18:42	18:44	Fri
09463	Mon	09:10	END	08:16	08:18	GANDHI DHAM JN.-MALDA TOWN	Special	MALDA TOWN-GANDHI DHAM JN.	09464	START	17:35	18:07	18:09	Mon
12041	Mon to Sat	19:30	19:35	18.41	18.42	HOWRAH-NEW JALPAIGURI	Shatabdi Express	NEW JALPAIGURI- HOWRAH	12042	08:45	08:50	09.22	09.23	Mon to Sat
12343	Daily	04:15	04:25	—	—	SEALDAH-NEW JALPAIGURI	Darjeeling SF Express	NEW JALPAIGURI- SEALDAH	12344	23:30	23:40	—	—	Daily
12345	Daily	21:30	21:40	20.41	20.43	HOWRAH- GUWAHATI	Saraighat SF Express	GUWAHATI-HOWRAH	12346	23:30	23:40	00.33	00.32	Daily
12363	Tue, Thu, Sat	15:00	15:10	—	—	KOLKATA-HALDIBARI	SF Express	HALDIBARI-KOLKATA	12364	13:25	13:35	—	—	Wed, Fri, Sun
12377	Daily	05:25	05:30	—	—	SDAH-NEW ALIPURDUAR	Padatik SF Express	NEW ALIPURDUAR-SEALDAH	12378	00:40	00:45	—	—	Daily
12501	Thu	08:15	08:25	—	—	KOLKATA-AGARTALA	Garib Rath Express	AGARTALA-KOLKATA	12502	04:00	04:10	—	—	Mon
12503	Thu, Sun	00:25	00:35	—	—	SMVT BENGALURU-AGARTALA Humsafar	SF Express	AGARTALA-SMVT BENGALURU	12504	06:50	07:00	—	—	Wed, Sun
12507	Thu	17:05	17:15	—	—	THURUVANANTHAPURAM-SILCHAR	CENTRAL SF Express	SILCHAR-THURUVANANTHAPURAM	12508	18:50	19:00	—	—	Fri
12509	Fri, Sat, Sun	16:05	16:15	15.03	15.05	SMVT BENGALURU-GUWAHATI	SF Express	GUWAHATI-SMVT BENGALURU	12510	18:50	19:00	19.32	19.34	Mon, Tue, Sun
12513	Mon	00:25	00:35	23.18	23.20	SECUNDERABAD-GUWAHATI	SF Express	GUWAHATI- SECUNDERABAD	12514	18:50	19:00	19.32	19.34	Thu
12515	Tue	16:05	16:15	15.03	15.05	COIMBATORE-SILCHAR	SF Express	SILCHAR-COIMBATORE	12516	18:50	19:00	19.32	19.34	Wed
12517	Fri	04:00	04:10	—	—	KOLKATA-GUWAHATI	Garib Rath Express	GUWAHATI-KOLKATA	12518	08:15	08:25	—	—	Sun
12551	Mon	02:05	02:15	—	—	SMVT BENGALURU-KAMAKHYA	AC SF Express	KAMAKHYA- SMVT BENGALURU	12552	02:00	02:10	—	—	Thu
13011	Daily	22:45	ENDS	21.45	21.47	HOWRAH-MALDA TOWN	SF Intercity Express	MALDA TOWN- HOWRAH	13012	START	04:30	05.02	05.04	Daily
13033	Daily	07:10	07:20	06.00	06.05	HOWRAH-KATIHAR	Express	KATIHAR- HOWRAH	13034	19:10	19:20	20.06	20.08	Daily
13053	Daily	15:30	15:40	14.38	14.40	HOWRAH-RADHIKAPUR	Kulik Express	RADHIKAPUR- HOWRAH	13054	09:05	09:15	09.37	09.39	Daily
13063	Mon to Fri	15:15	15:25	14.13	14.15	HOWRAH-BALURGHAT	Express	BALURGHAT- HOWRAH	13064	23:00	23:10	23.42	23.44	Mon to Fri
13125	Daily	18:25	18:35	17.40	17.42	KOLKATA-SAIRANG	Mail Express	SAIRANG-KOLKATA	13126	08:47	08:49	08.05	08.15	Daily
13141	Daily	22:05	22:15	21.09	21.14	SEALDAH-NEW ALIPURDUAR	Teesta Torsa Express	NEW ALIPURDUAR-SEALDAH	13142	20:20	20:30	21.02	21.07	Daily
13145	Daily	02:40	02:50	01.32	01.37	KOLKATA-RADHIKAPUR	Express	RADHIKAPUR- KOLKATA	13146	00:10	00:20	00.52	00.57	Daily
13147	Daily	02:20	02:30	01.20	01.25	SEALDAH-BAMANHAT	Uttar Banga Express	BAMANHAT- SEALDAH	13148	22:20	22:30	23.02	23.07	Daily
13149	Daily	03:10	03:20	02.06	02.11	SEALDAH- ALIPURDUAR	Kanchan Kanya Express	ALIPURDUAR- SEALDAH	13150	01:10	01:20	01.52	01.57	Daily
13153	Daily	06:15	ENDS	04.48	04.53	SEALDAH- MALDA TOWN	Gour Express	MALDA TOWN- SEALDAH	13154	START	21:25	21.47	21.52	Daily
13159	Tue, Thu, Sat	05:00	05:10	03.53	03.55	KOLKATA-JOGBANI	Express	JOGBANI- KOLKATA	13160	20:05	20:15	20.47	20.49	Tue, Thu, Sat
13161	Mon to Fri, Sun	18:40	18:50	17.57	17.59	KOLKATA CHITPUR- BALURGHAT	Tebhaga Express	BALURGHAT- KOLKATA CHITPUR	13162	08:00	08:10	08.42	08.44	Mon to Sat
13163	Thu, Sat to Tue	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	Hate Bazare Express	SAHARSA- SEALDAH	13164	22:40	22:50	23.22	23.24	Thu, Sat to Tue
13169	Wed, Fri	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	Hate Bazare Express	SAHARSA- SEALDAH	13170	22:40	22:50	23.22	23.24	Wed, Fri
13173	Tue, Thu, Fri, Sun	13:35	13:45	12.50	12.52	SEALDAH-AGARTALA	Kanchanjungha Express	AGARTALA- SEALDAH	13174	12:25	12:35	13.12	13.14	Mon, Wed, Fri, Sun
13175	Mon, Wed, Sat	13:35	13:45	12.50	12.52	SEALDAH-SILCHAR	Kanchanjungha Express	SILCHAR- SEALDAH	13176	12:25	12:35	13.12	13.14	Tue, Thu, Sat
13181	Mon	15:00	15:10	—	—	KOLKATA CHITPUR-SILGHAT TOWN	Kaziranga Express	SILGHAT TOWN-KOLKATA CHITPUR	13182	06:20	06:30	—	—	Wed
13189	Daily	05:40	05:50	04.26	04.28	SEALDAH-BALURGHAT	Express	BALURGHAT-SEALDAH	13190	21:30	21:40	22.17	22.19	Daily
13409	Daily	START	05:50	06.12	06.14	MALDA TOWN-KIUL	Intercity Express	KIUL- MALDA TOWN	13410	20:45	ENDS	19.38	19:40	Daily
13413	Mon, Thu, Sat	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	Farakka Express	BATHINDA- MALDA TOWN	13414	09:50	10.00	08.55	09.00	Wed, Sat, Mon
13415	Wed, Fri, Sun	START	20:15	20.47	20.49	MALDA TOWN-PATNA	Express	PATNA- MALDA TOWN	13416	07:50	ENDS	06.26	06.28	Tue, Fri, Sun
13417	Thu	14:25	ENDS	13.35	13.37	DIGHA- MALDA TOWN	Express	MALDA TOWN- DIGHA	13418	START	07:45	08.22	08.24	Thu
13421	Mon, Thu	09:30	ENDS	08.45	08.47	NABADWIP DHAM- MALDA TOWN	Express	MALDA TOWN- NABADWIP DHAM	13422	START	17:00	17.37	17.39	Mon, Thu
13425	Sat	START	12:55	13.27	13.29	MALDA TOWN-SURAT	Express	SURAT- MALDA TOWN	13426	05:45	ENDS	04.43	04.45	Wed
13429	Fri	START	09:30	—	—	MALDA TOWN-ANAND VIHART	Weekly Express	ANAND VIHAR- MALDA TOWN	13430	23:30	ENDS	—	—	Sun
13431	Tue, Wed, Fri, Sat, Sun	09.30	09:40	08.45	08.47	NABADWIP-BALURGHAT	Express	BALURGHAT-NABADWIP	13432	16.50	17.00	17.37	17.39	Tue, Wed, Fri
13433	Thu	11:00	ENDS	10.00	10.01	BENGALURU-MALDA TOWN	Amrit Bharat Express	MALDA TOWN - BENGALURU	13434	START	08.50	09.22	09.23	Sun
13465	Daily	20:30	ENDS	19.26	19.28	HOWRAH- MALDA TOWN	Intercity Express (Via Azimganj)	MALDA TOWN-HOWRAH	13466	START	06:05	06.32	06.34	Daily
13483	Sun, Tue, Wed, Fri	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	Farakka Express	BATHINDA- MALDA TOWN	13484	09:50	10.00	08.55	09.00	Thu, sat, Sun, Tue
14003	Tue, Sat	START	09:30	10.02	10.07	MALDA TOWN-NEW DELHI	Express	NEW DELHI- MALDA TOWN	14004	23:30	ENDS	22.07	22.12	Mon, Fri
15227	Fri	17:05	17:15	—	—	SMVT BENGALURU-MUZAFFARPUR	Express	MUZAFFARPUR- SMVT BENGALURU	15228	16:05	16:15	—	—	Mon
15619	Tue	23:15	23:25	22.17	22.19	GAYA-KAMAKHYA	Express	KAMAKHYA- GAYA	15620	20:05	20:15	20.47	20.49	Mon
15629	Wed	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-SILGHAT TOWN	Nagaon Express	SILGHAT TOWN- TAMBARAM	15630	04:00	04:10	04.42	04.44	Sat
15639	Wed	08:25	08:35	07.38	07.40	PURI- KAMAKHYA	Express	KAMAKHYA- PURI	15640	07:35	07:45	08.22	08.24	Mon
15643	Sun	15:00	15:10	13.50	13.52	PURI- KAMAKHYA	Express	KAMAKHYA- PURI	15644	13:45	13:55	14.27	14.29	Fri
15647	Sat	23:15	23:25	22.07	22.09	LOKMANYATILAK-GUWAHATI	Express	GUWAHATI- LOKMANYATILAK	15648	04:00	04:10	04.42	04.44	Wed
15657	Daily	00:05	00:15	22.41	22.43	DELHI- KAMAKHYA	Brahmaputra Mail	KAMAKHYA- DELHI	15658	03:35	03:45	04.17	04.19	Daily
15661	Thu	08:25	08:35	07.38	07.40	RANCHI- KAMAKHYA	Express	KAMAKHYA- RANCHI	15662	02:00	02:10	02.42	02.44	Wed
15709	Daily	START	16:50	—	—	MALDA TOWN-NEW JALPAIGURI	Express	NEW JALPAIGURI- MALDA TOWN	15710	12:50	ENDS	—	—	Daily
15711	Wed	04:00	04:10	—	—	HOWRAH-KATIHAR	Express	KATIHAR- HOWRAH	15712	00:55	01:05	—	—	Tue
15721	Sun	04:00	04:10	—	—	DIGHA- NEW JALPAIGURI	Paharia Express	NEW JALPAIGURI- DIGHA	15722	00:55	01:05	—	—	Sat
15733	Mon, Thu, Sat	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	Farakka Express	NBATHINDA- BALURGHAT-	15734	09:50	10:00	08.55	09.00	Wed, Fri, Mon
15743	Tue, Wed, Fri, Sun	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	Farakka Express	NBATHINDA- BALURGHAT-	15744	09:50	10:00	08.55	09.00	Thu, Sat, Sun, Tue
15929	Sat	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-NEW TINSUKIA	Express	NEW TINSUKIA- TAMBARAM	15930	04:00	04:10	04.42	04.44	Tue
15959	Sun, Mon, Wed, Thu, Fri	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	Kamrup Express	DIBRUGARH- HOWRAH	15960	21:50	22:00	22.32	22.37	Sun, Tue, Wed, Thu, Sat
15961	Tue, Sat	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	Kamrup Express	DIBRUGARH- HOWRAH	15962	21:50	22:00	22.32	22.37	Mon, Fri
20501	Wed	15:00	15:10	—	—	AGARTALA-ANANDVIHAR TERMINAL	AGTL Tegas Raj Express	ANANDVIHAR TERMINAL-AGARTALA	20502	16:25	16:35	—	—	Wed
20507	Sat	14:50	15:00	—	—	SAIRANG-ANAND VIHAR TARMINAL	Rajdhani Express	ANAND VIHAR TARMINAL-SAIRANG	20508	—	—	16:15	16:25	Mon
22301	Daily except Wed	10:32	10:35	—	—	HOWRAH- NEW JALPAIGURI	Vande Bharat Express	NEW JALPAIGURI- HOWRAH	22302	17:55	17:58	—	—	Daily Except Wed
22501	Wed	17:05	17:15	—	—	SMVT BENGALURU- NEW TINSUKIA	SF Express	NEW TINSUKIA- SMVT BENGALURU	22502	18:50	19:00	—	—	Sat
22503	Sat, Tue	20:05	20:15	—	—	KANYAKUMARI-DIBRUGARH	Vivek Express	DIBRUGARH- KANYAKUMARI	22504	19:45	19:55	—	—	Wed, Sun
22511	Thu	01:10	01:20	—	—	LOKMANYATILAK-KAMAKHYA	Karmabhoomi SF	ExpressKAMAKHYA- LOKMANYATILAK	22512	07:35	07:45	—	—	Sun
22611	Thu	23:15	23:25	—	—	MAS CHENNAI CENTRAL- NEW JALPAIGURI	SF Express	NEW JALPAIGURI- MAS CHENNAI CENTRAL	22612	02:00	02:10	—	—	Sat
27575	Daily	22:50	23:00	21:48	21:50	HOWRAH-KAMAKHYA	Vande Bharat Sleeper Express	KAMAKHYA-HOWRAH	27576	04:05	04:07	03.25	03.35	Daily

Passenger Trains

03767	Daily	08:55	ENDS	07.59	08.01	SAHIBGANJ- MALDA TOWN	Passenger	MALDA TOWN- SAHIBGANJ	03768	START	16:30	17.21	17.23	Daily
05421	Daily	START	07:00	—	—	MALDA TOWN-BALURGHAT	Passenger	BALURGHAT - MALDA TOWN	05422	20:45	ENDS	—	—	Daily
05701	Daily	START	08:00	—	—	MALDA TOWN-KATIHAR	Passenger	KATIHAR - MALDA TOWN	05702	18:30	ENDS	—	—	Daily
05771	Daily	START	17:30	—	—	MALDA COURT-KATIHAR	Passenger	KATIHAR - MALDA COURT	05772	09:45	ENDS	—	—	Daily
07519	Daily	START	06:30	—	—	MALDA COURT-SILIGURI JN.	Passenger	SILIGURI JN. - MALDA COURT	07520	18:15	ENDS	—	—	Daily
53027	Daily	19:45	ENDS	18.18	18.20	AZIMGANJ- MALDA TOWN	Passenger	MALDA TOWN- AZIMGANJ	53028	START	07:10	07.58	08.02	Daily

Publish, Printed & Copyright reserved by Mass Media. ● Source : https://enquiry.indianrail.gov.in/mntes/

স্বামী বিবেকানন্দ অ্যাকাডেমি (হাই স্কুল)

VIVEKNAGAR, JHALJHALIA, MALDA - 732102

(পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত বাংলা মাধ্যম কো-এডুকেশনাল বিদ্যালয়),

Index No. R1-269

Udise+ Code: 19061602310

AN INITIATIVE OF SRJB MEMORIAL TRUST

- অনলাইন ফর্ম ফিলাপ শুরু হয়েছে
- ফর্ম ফিলাপের জন্য QR কোডটি স্ক্যান করুন

ADMISSIONS OPEN

FOR ACADEMIC YEAR 2027

DEDICATED & QUALIFIED FACULTY,
MODERN INFRASTRUCTURE,
MORAL VALUES & CHARACTER BUILDING,
SPORTS, ARTS & CULTURAL ACTIVITIES,
SAFE & STUDENT-CENTRIC CAMPUS,
TRANSPORT FACILITIES,
AIR CONDITIONED CLASSROOMS,
AI & ROBOTICS IMPLEMENTED CLASSES.

শিক্ষাবর্ষ : ২০২৭
ভর্তি চলিতেছে
নার্সারি থেকে নবম শ্রেণি পর্যন্ত
CLASS : I - IX
ADMISSION TEST ON
08/10/2026



8967939932 / 7363048704
8910737829 / 7363048701

sva.info.new@gmail.com

জেনে নিন মেঘালয় ট্যুরে কাজে লাগবেই লাগবে

মেঘালয় ট্যুরিজম বাসে ট্যুরের সুবিধা। ব্যবস্থাপনা দারুণ।

১. সুবিধা গুলো পয়েন্ট অনুযায়ী সবচেয়ে সস্তা আর সরকারি ভরসা প্রাইভেট গাড়ির তুলনায় প্রায় ৬০-৭০ শতাংশ কম খরচ। এক একটা ডে-ট্রিপ মাত্র ৭০০ থেকে হাজার টাকার মধ্যে।

ফিক্সড রুট আর সময়প্রতিদিন সকাল ৭ টার থেকে ৮টার মধ্যে ছাড়ে, বিকেল ৫ থেকে ৬ টার মধ্যে ফেরে। ড্রাইভার পাহাড়ি রাস্তা চেনে, তাই নিশ্চিন্ত।

গাইড থাকেপ্রত্যেক বাসে ট্রেনড গাইড থাকে, যিনি বাংলাতেও অনেক সময় বুঝিয়ে দেন।

একদিনে অনেক গুলি স্পট ঘুরিয়ে দেয়। প্রতিটি স্পটে যথেষ্ট টাইম দেয় ঘোরার সময়।

আমি ডাউকি ট্যুর, চেরাপুঞ্জি ট্যুর ও লোক্যাল ট্যুর করেছিলাম। এই রটগুলিতে যে যে জায়গা পড়বে সেই সকল সব জায়গা ওরা ঘুরিয়ে দেয়।

গাইড খুবই দায়িত্ববান কাউকে ও ফেলে আসবে না। দরকার হলে নিজে খুঁজে খুঁজে ডেকে নিয়ে আসবে।

নিরাপত্তা সরকারি বাস, ওভারস্পিড করে না, মদ খেয়ে চালায় না, যেটা প্রাইভেটে অনেক সময় সমস্যা হয়। - পপুলার ৫টা ডে-ট্রিপ আছে

১) Shillong - Cherrapunji (Sohra) ৭৫০ টাকা

২) Shillong - Dawki / Mawlynnong / Asia Cleanest Village ১০০০ টাকা

৩) Shillong - Mawsynram

৪) Shillong Local + Umiam Lake ৫০০ টাকা।

৫) Shillong - Nartiang / Jowai লোক্যাল ট্যুর টি ছাড়া বাকি ট্যুরের entry fees ওরাই দেয়। এক বোতল করে জল ফ্রি দেয়।

২. বাসের কন্ডিশন কেমন

নতুন ২৬-৩২ সিটের মিনি-কোচ / Tempo Traveller টাইপ। একদম নতুন বাসও নামিয়েছে গত মাসে CM নিজে ফ্ল্যাগ অফ করেছেন।

পরিষ্কার, AC আছে। বড় বড় কাচের জানালা।

লাগেজ রাখার জায়গা আছে পেছনে। সাসপেনশন ভালো, পাহাড়ি রাস্তায় ঝাঁকুনি কম লাগে।

রিভিউ অনুযায়ী ৪.৩/৫ রেটিং, সবাই বলে good quality buses – ample time at each spot।

৩. কিভাবে সিট বুক করবেন

অফলাইন - জায়গা MTDC Tourist Information Centre, State Convention Centre, Police Bazar, Shillong পুলিশ বাজারের একদম মাঝখানে।

ফোন ০৩৬৪-২২২৬২২০ / ২২২২৫০৮ ফোন করলে উত্তর দেয়।

সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কাউন্টার খোলা।

আইডি লাগবে - আধার কার্ড।

অনলাইন - ওয়েবসাইট meghalayatourism.gov.inএ গিয়ে MTDC Package Tours> Day Tours.

এখন অনলাইনেও বুকিং চালু আছে, মেঘালয় ট্যুরিজম এপ দিয়েও বুকিং করা যায়। আমি এদের সাহায্যেই বুক করেছিলাম।

টিপস - বর্ষায় (জুন-সেপ্টেম্বর) ভ্যালি সবচেয়ে সবুজ আর মেঘে ভরা থাকে, তখন ছবি সবচেয়ে ভালো আসে।

দৈনিক পত্রিকায়

বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন

9233 44 45 46

এই নম্বরে।

বিবেকবাণী

❖ কোনও বড় কাজই কঠোর পরিশ্রম ও কষ্ট স্বীকার ছাড়া হয়নি।

❖ সারাদিন চলার পথে যদি কোনও সমস্যার সম্মুখীন না হও, তাহলে বুঝবে তুমি ভুলপথে চলেছ।

❖ এমন কাজ করে চলো যে তুমি হাসতে হাসতে মরবে আর জগৎ তোমার জন্য কাঁদবে।

❖ আমি বিশ্বাস করি যে, কেউ কিছু পাওয়ার উপযুক্ত হলে জগতের কোনও শক্তিই তাকে বঞ্চিত করতে পারে না।

❖ শিক্ষা হচ্ছে মানুষের মধ্যে ইতিমধ্যে থাকা উৎকর্ষের প্রকাশ।

❖ যখন আমাদের মধ্যে অহঙ্কার থাকে না, তখনই আমরা সবথেকে ভালো কাজ করতে পারি, অপরকে আমাদের ভাবে সবচেয়ে বেশি অভিভূত করতে পারি।

❖ মনের মতো কাজ পেলে অতি মূর্খও করতে পারে। যে সকল কাজকেই মনের মতো করে নিতে পারে, সেই বুদ্ধিমান। কোনও কাজই ছোট নয়।

❖ যেরকম বীজ আমরা বুনি, সেরকমই ফসল আমরা পাই। আমরাই আমাদের ভাগ্য তৈরি করি, তার জন্য কাউকে দোষারোপ করার কিছু নেই, কাউকে প্রশংসা করারও কিছু নেই।

ব্যতিক্রমী ভাবনায় নজর কাড়লো এয়ারভিউ কমপ্লেক্স

বিগত বছরগুলিতে মালদা শহর এবং সংলগ্ন এলাকায় দুর্গা প্রতিমা দেখার যে আগ্রহ তা গোটা ৩০ পূজা কমিটিকে কেন্দ্র করে ঘোরাফেরা করে আসছে।

নতুন থিম বা আয়োজনের মৌলিক বিচিত্রতায় যে পূজা কমিটিগুলি অল্প-বিস্তর সংবাদ শিরোনামে উঠে এসেছে তার ওপর ভিত্তি করেই অনেকে প্যান্ডেল হপিংয়ে সেই মন্ডপগুলোকেই টার্গেট করে।

কিন্তু এইবার ভাবনায় ও বিষয় বৈচিত্র্যে উঠে এসেছে এক নতুন পুজো কমিটি।

যে সমস্ত সংস্থা পুজো মন্ডপ আলোকসজ্জা ও বিষয় বৈচিত্র্যের উপর পুরস্কার ঘোষণা করে, এমন সব সংস্থার কাছ থেকে মোট আট-আটটি পুরস্কার করায়ত্ব করেছে এয়ারভিউ কমপ্লেক্স অ্যাসোসিয়েশনের পূজা মন্ডপ।

তারা যেসব সংস্থার কাছ থেকে বিচারকদের তারিফ (প্রশংসা) পেয়েছে তারা হল ১. সবার মালদা সংবাদ, ২. মালদা প্রেস এন্ড ফটোগ্রাফার্স এসোসিয়েশন, ৩. হায়দারপুর অগ্রণী ক্লাব, ৪. খোঁজ খবর, মালদা, ৫. স্বপ্নছায়া আলোক দিশা ৬. দ্য নবকল্লোল ওয়েলফেয়ার সোসাইটি, সমাজ যোদ্ধা সম্মান ২০২৬, ৭. দ্য ইনসাইট বাংলা, ৮. অবসরে জীবন শিখা।

বিভিন্ন সংবাদপত্র ও অন্যান্য মিডিয়ার দৌলতে আমরা সকলেই ইতিমধ্যে এই প্রতিমা দেখে ফেলেছি। জনসাধারণের মধ্যে আগ্রহ বৃদ্ধি হওয়ায় পূজা মন্ডপে ভিড়ও হয়েছিল খুব ভালো।

কিন্তু শিল্পী তার উপস্থাপনার মাধ্যমে কি বলতে চেয়েছেন তা একবার শুনে নেওয়া যাক।

এয়ারভিউ কমপ্লেক্স অ্যাসোসিয়েশনের পূজা কমিটির সম্পাদক মৈনাক



পোদ্দার জানালেন, এখানে আমরা প্রতিমাশিল্পীদের একটি ভবনের ভাবনাকে সামনে রেখে মণ্ডপের পরিবেশ তৈরী করেছি -যার নামকরণ রাখা হয়েছিলো "মৃৎ শিল্পালয়"।

প্রতিমার ক্ষেত্রে ছিল শিল্পী বিবেক দাসের এক অভিনবত্ব ও গভীর ভাবনার প্রতিফলন যার নাম ছিল "ঘরের মেয়ে উমা"। প্যান্ডেল ও প্রতিমার ভাবনার মেলবন্ধনে এক অদ্ভুত রসায়ন তৈরি হয়েছিল। এবারের ভাবনায় বলার চেষ্টা করা হয়েছিলো, একজন মা তার পুত্র ও কন্যা সন্তানদের নিয়ে এক মৃৎ বা প্রতিমা শিল্পীদের কারখানায় ঘুরতে এসেছে। এখানে শিল্পীরা সবাই নিজের কাজে ব্যস্ত। কেউ প্রতিমার জন্য বুদি বানাচ্ছে, কেউ মাটির কাজ করছে। আবার দেখা যাচ্ছে অসংখ্য মাটির প্রতিমা তৈরী হয়েছে, যার কিছুটা পূর্ণতা পেয়েছে, আবার কিছুটা অর্ধসমাপ্ত।

প্রতিমা তৈরীর জন্য ব্যবহৃত বুদিগুলি একদিকে টাঙানো আছে। সবাই নিজের কাজে ব্যস্ত। কেউ প্রাথমিক পর্যায়ে তাকে গুরুত্বই দেয়নি হঠাৎ করে সেই মা একটি মায়ের মাটির মুখ তুলে ধরে এবং কর্মরত সবাই দেখতে পায় সেই মায়ের মধ্যেই দেবী দুর্গার প্রতিচ্ছবি। এককথায় মা দুর্গা সাধারণ মেয়ে রূপে এখানে স্বয়ং উপস্থিত। অর্থাৎ ঘরের মেয়ে উমা ধরা দেয় জগৎ জননী দেবি দুর্গা রূপে। এই সেই মা, যাকে আমরা পেয়ে থাকি সমাজের সমস্ত স্তরে--- হয়তো ধানের ক্ষেতে, কাঠারী হাতে অথবা ইট ভাঁটায় নারী শ্রমিক রূপে বা গৃহকর্তী রূপে অথবা অন্যত্র অন্য কোথাও। কিন্তু বিভিন্ন রূপের মধ্যে মা সেই একই। জননী, জগৎজননী, ভবতারিণী, মা দুর্গা... সেই আমাদের "ঘরের মেয়ে উমা"।

এই ভাবনার মেলবন্ধনই আমাদের এবার আট আটটি পুরস্কার এনে দিয়েছে।

সিভিল সার্ভিস পেতে স্নাতক হোন পাবলিক অ্যাডমিন-এ

ভারতে সরকারি ও প্রশাসনিক ব্যবস্থার বিস্তার ও জনমানসে তার প্রভাব অত্যন্ত জটিল এবং ব্যাপক। এই ব্যবস্থাপনা বুঝতে হলে পড়তে হবে বিএ ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স। অনবদ্য এই কোর্সে রয়েছে শক্তিশালী কেরিয়ারের দুর্দান্ত সম্ভাবনাও।

শিক্ষাগত যোগ্যতা

উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) পরীক্ষায় একটি স্বীকৃত বোর্ড থেকে পাশ করতে হয় সাধারণত সোশ্যাল সায়েন্স শাখায়। তবে অন্যান্য শাখার ছাত্রছাত্রীরাও এই কোর্সের জন্য যোগ্য হতে পারেন, তবে ওই ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে নানা রকম শর্ত থাকে। বেশিরভাগ প্রতিষ্ঠান ন্যূনতম ৫০ নম্বর অর্জন করার শর্ত দেয়, তবে এটি প্রতিষ্ঠানের উপরে নির্ভর করে এবং পরিস্থিতি অনুযায়ী তা কিছুটা পরিবর্তিতও হতে পারে। বেশ কিছু বিশ্ববিদ্যালয় মেধার ভিত্তিতে ভর্তি করে, তবে কিছু প্রতিষ্ঠান প্রবেশিকার পরীক্ষা নেয়।

উচ্চশিক্ষা

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড গভর্নেন্স কোর্স শেষে ছাত্রছাত্রীরা বিভিন্ন উচ্চতর শিক্ষার সুযোগ নিতে পারেন। যেমন, মাস্টার ইন পাবলিক পলিসি বা মাস্টার ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে স্নাতকোত্তর কোর্স করতে পারেন। অনেকে ইউপিএসসি, সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নেন এবং আইএএস, আইপিএস বা আইএফএস এর মতো মর্য্যাদাপূর্ণ সিভিল সার্ভিসে যোগ দিতে পারেন। বহু পড়ুয়া পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের মতো বিষয়গুলিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সও হয়।

কেরিয়ারে সম্ভাবনা ঃ সাধারণত আইএএস. আইপিএস, আইএফএস এর মতো সিভিল সার্ভিসে অনেকে যোগ দিতে চান। অজস্র পড়ুয়া পাবলিক সেক্টর এন্টারপ্রাইজ, সরকারি নানা সংস্থা বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে প্রশাসনিক কর্মকর্তা বা ম্যানেজার হিসেবে কাজ করার সুযোগ রয়েছে। এনজিওতে প্রজেক্ট ম্যানেজার, পলিসি অ্যানালিস্ট বা রিসার্চার হিসেবে কাজ করা যায়। সরকারি সংস্থা, আন্তর্জাতিক সংস্থায় থিংক ট্যাঙ্ক বা পলিসি অ্যানালিস্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে। কলেজে শিক্ষক হিসেবেও যোগ দিতে পারেন। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটি পড়ুয়াদের দেশের শাসন প্রশাসনিক কাঠামো এবং পাবলিক পলিসির উপরে একটি সুদৃঢ় জ্ঞান প্রদান করে, যা সরকারি নানা পরিষেবা সিভিল সার্ভিস এবং পাবলিক অ্যাডমিনে একটি সফল কেরিয়ার গঠনে সাহায্য করে। এই কোর্সে উত্তীর্ণ পড়ুয়ারা সরকারি নিয়োগ সংক্রান্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সময় সুবিধে পেয়ে থাকেন।

তথ্য সহায়তা ড. নমিতা দে ভৌমিক, অধ্যাপক, পলিটিক্যাল সায়েন্স স্কুল অফ লিবারাল আর্টস অ্যান্ড কালচার স্টাডিজ



রুবিতে মাথায় জটিল অস্ত্রোপচারে সুস্থ কিশোর

দু"চাকার গাড়ি দুর্ঘটনায় মাথায় গুরুতর আঘাত নিয়ে অচেতন অবস্থায় রুরি জেনারেল হসপিটালে ভর্তি হয় ১৩ বছরের এক কিশোর। মাথার খুলি একাধিক জায়গায় ভেঙে গিয়ে হাড়ের টুকরো ভিতরে ঢুকে গিয়েছিল। গ্লাসগো কোম উ স্কেলে (জিসিএস) তার স্কোর ছিল E2V2M5, যা ইঙ্গিত দেয় গুরুতর মাথর আঘাতের। শিশুরোগ বিশেষজ্ঞ, আইসিইউ ও নিউরো অ্যানেস্থেশিয়া দলের সহযোগিতায় করা হয় দ্রুত জরুরি অস্ত্রোপচার। ভেঙে ভিতরে ঢুকে যাওয় হাড়ের টুকরে সরানোর সময় দেখা যায়, মথর শীর্ষভাগের একটি হাড়ের টুকরো সুপিরিয়র সরজিটাল সাইনাসে ক্ষত তৈরি করেছে। অস্ত্রোপচারের সময় সেই জটিলতা সফলভাবে নিয়ন্ত্রণ করা হয়।

অস্ত্রোপচারের পর ধীরে ধীরে কিশোরের স্নায়বিক অবস্থার উন্নতি হয় এবং সফলভাবে ভেন্টিলেটর থেকে তাকে বর কর সম্ভব হয়। জিপিএস বেড়ে হয় E4V5MB। বর্তমানে সে হাঁটাচলা করতে পারছে এবং সুস্থ অবস্থায় হসপিটাল থেকে বাড়ি ফিরেছে।

এই জরুরি সফল অস্ত্রোপচারের নেতৃত্বে ছিলেন হসপিটালের কনসালট্যান্ট নিউরোসার্জন ডা. বিপ্লব সিং। তাঁর পরামর্শ, পথ দুর্ঘটনায় মাথায় আঘতের ক্ষেত্রে সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ।



পনির, অ্যানালগ পনির এবং নকল পনির সম্পর্কে আলোচনা সহজ বাংলায় প্রশ্নোত্তরের মাধ্যমে নিচে তুলে ধরা হলো

১. পনির কীভাবে তৈরি হয় এবং আসল পনিরের মূল উপাদান কী?

উত্তর ঃ আসল পনির খাঁটি দুধ থেকে তৈরি হয়। দুধের মধ্যে ফ্যাট, ভিটামিন এবং দুই ধরনের প্রোটিন (নিউক্লিওটাইড বা হোয়ে প্রোটিন এবং কেসিন প্রোটিন) থাকে। দুধ গরম করে তাতে লেবুর রস বা কোনো অ্যাসিড মিশিয়ে দুধের দ্বছ মাত্রা কমানো হলে "কেসিন প্রোটিন" জমাট বেঁধে ফেটে যায়। এরপর তা ছেঁকে পানি ও হোয়ে (দ্রত্রা) আলাদা করে নিলেই আসল পনির বা কেসিন প্রোটিন তৈরি হয়।

২. অ্যানালগ পনির (Analogue Paneer) কী?

উত্তর ঃ "অ্যানালগ" শব্দের অর্থ হলো কোনো কিছুর মতো দেখতে অন্য কিছু। অ্যানালগ পনির হলো এমন একটি পনির-সদৃশ পণ্য, যা দেখতে পনিরের মতো হলেও তা আসল দুধ দিয়ে তৈরি হয় না। এটি মূলত পানি, উদ্ভিজ্জ ফ্যাট (যেমন পাম অয়েল), স্টার্চ পাউডার, স্কিমড মিল্ক পাউডার, ইমালসিফায়ার এবং স্টেবিলাইজারের মিশ্রণে ল্যাবরেটরিতে বা কারখানায় তৈরি করা হয়।

৩. অ্যানালগ পনির এবং নকল পনির কি একই জিনিস? এদের মধ্যে পার্থক্য কী?

উত্তর ঃ না, অ্যানালগ পনির এবং নকল পনির এক নয়।

অ্যানালগ পনির এটি ভোজ্য উপাদান (যেমন উদ্ভিজ তেল, স্টার্চ ও পাউডার) দিয়ে তৈরি করা হয় এবং দেখতে পনিরের মতোই হয়। আগে এটি তৈরি করা আইনসম্মত ছিল এবং এতে খাওয়ার উপযোগী উপাদানই ব্যবহার করা হতো। তবে নতুন নিয়ম অনুযায়ী, এগুলোতে সরাসরি "পনির" বা "ঞ্চথদ্রত্রত্রক্র" শব্দ লেখা নিষিদ্ধ করা হচ্ছে।

নকল পনির এটি আরও নিম্নমানের ও ক্ষতিকর উপায়ে তৈরি হয়, যাতে ক্ষতিকর রাসায়নিক, ডিটারজেন্ট বা ইউরিয়াও থাকতে পারে। এটি স্বাস্থ্যের জন্য অত্যন্ত বিপজ্জনক।

৪. পনিরের পরিবর্তে অ্যানালগ পনির খাওয়ার ফলে স্বাস্থ্যের কী ধরনের ক্ষতি হতে পারে?

উত্তর ঃ অতিরিক্ত ফ্যাট ও কোলেস্টেরল অ্যানালগ পনিরে পাম অয়েল বা উদ্ভিজ্জ ফ্যাট ব্যবহার করা হয়, যাতে প্রচুর পরিমাণে স্যাচুরেটেড ফ্যাট থাকে। এটি শরীরে খারাপ কোলেস্টেরল (ড্রঙ্গড্র) বৃদ্ধি করে, যা হৃদরোগের ঝুঁকি বাড়িয়ে দেয়।

প্রোটিনের অভাব মানুষ সাধারণত পেশি গঠন বা পুষ্টির জন্য (যেমন পনির টিক্কা খেয়ে) প্রোটিন পাওয়ার আশা করে। কিন্তু অ্যানালগ বা নকল পনিরে পর্যাপ্ত দুধের প্রোটিন না থাকায় শরীর কাঙ্ক্ষিত পুষ্টি বা প্রোটিন পায় না, ফলে স্বাস্থ্যের ক্ষতি হয়।

হাইজিন বা স্বাস্থ্যঝুঁকি এ ধরনের প্রক্রিয়াজাত বা খোলা বাজারে তৈরি পণ্যে অনেক সময় অস্বাস্থ্যকর পানি ও উপাদানের কারণে পেটের পীড়া বা গুরুতর ফুড পয়জনিং হতে পারে।

৫. সরকারের নতুন নিয়ম বা পদক্ষেপ কী?

উত্তর ঃ ভারতের ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি (FSSAI) এবং মহারাষ্ট্রের এফডিএ (FDA) কমিশনার তুকারাম মুণ্ডে-এর মতো কর্মকর্তারা এ বিষয়ে কঠোর পদক্ষেপ নিচ্ছেন। নতুন ড্রাফট আইন অনুযায়ী, এখন থেকে কোনো নন-মিল্ক বা উদ্ভিজ্জ উপাদান দিয়ে তৈরি অ্যানালগ পণ্যের প্যাকেটে সরাসরি "পনির" বা "Paneer" শব্দ বা লেবেল ব্যবহার করা নিষিদ্ধ করা হয়েছে, যাতে সাধারণ ক্রেতারা আসল ও নকল পনিরের তফাত বুঝতে পারেন এবং প্রতারিত না হন।

বার্থ সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পাসপোর্ট
স্কুলের কাগজপত্র
জমির দলিল
পলিসি সার্টিফিকেট
চাকুরীর নিয়োগপত্র
পরামর্শ ও সহযোগিতা ঃ
সমস্ত সরকারী কাগজপত্রে
নামের বানান সঠিক আছে তো?
এফিডেফিট করে
সংবাদপত্রে সঠিক নাম ঘোষণা করুন।
মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
মকদুমপুর রথঘরের
বিপরীতে, মালদা
9233 44 45 46

পড়ুয়াদের ভোগাচ্ছে ‘টেক নেক’

অধ্যাপক ডা. চিন্ময় নাথ ঃ কনসালট্যান্ট অর্থোপেডিক স্পাইন সার্জন অ্যাপোলো মাল্টিস্পেশালিটি হসপিটাল, কলকাতা

পড়াশোনার প্রয়োজনে হোক ব অবসর, স্কুলপড়ুয়াদের দিনের একটা বড় সময়ই এখন কাটে স্ক্রিনের সামনে। কোভিডের পর পড়াশোনায় মোবাইল- নির্ভরতা বেড়েছে। কিন্তু প্রয়োজনের অতিরিক্ত স্ক্রিন টাইম আর দীর্ঘক্ষণ ঘাড় নিচু করে ফোন দেখার অভ্যাসে কিশোর-কিশোরীদের মধ্যে বাড়ছে ঘড়ে ব্যথা।

ঘাড় ঝুঁকেই যত বিপদ

মোবইল দেখার সময় ফোনটি সাধারণত বুক বা কোমরের কাছাকাছি থাকে। ফলে স্ক্রিন দেখতে মাথা সামনের দিকে ঝুঁকিয়ে রাখতে হয়। এই অবস্থায় যত বেশি সময় কাটে, ঘাড়ের পেশির উপর তত বেশি চাপ পড়ে। প্রথমে পেশিতে টান, শক্তভাব ও ব্যথা শুরু হয়। কিন্তু অভ্যাসটি দীর্ঘদিন চলতে থাকলে সমস্য আরও গভীরে যেতে পারে। ঘড়ে মেরুদণ্ডের হাড়গুলির মাঝখানে থাকে ইন্টারভার্টিব্রাল ডিস্ক। দীর্ঘক্ষণ ভুল ভলিতে থাকার ফলে সার্ভাইকাল স্পাইনের উপর বাড়তি চাপ পড়ে। সময়ের সঙ্গে ডিস্ক ও মেরুদণ্ডের বিভিন্ন অংশে সমস্য তৈরি হওয়ার আশঙ্কা থাকে। দীর্ঘক্ষণ ঘড় নিচু করে মোবাইল বা ট্যাব ব্যবহারের কারণে তৈরি এই সমস্যাকে বলা হয় ”টেক নেক”।

ব্যথা নামতে পারে হাতে

ঘাড়ের মেরুদণ্ডের ভিতর দিয়ে গুরুত্বপূর্ণ নার্ভ বেরিয়ে হাতের দিকে গেছে। তাই ঘাড়ের সমস্যা শুধু ঘড়েই আটকে থাকে না। নার্ভে চাপ বা ইরিটেশন তৈরি হলে খড় থেকে কাধ বাহু হয়ে হাতে ব্যথা ছড়াতে পারে। সমস্য বাড়লে হাত বা আঙুলে ঝিনঝিনি, অবশভাব বা অনুভূতি কমে যাওয়ার মতো লক্ষণ দেখা দিতে পারে। কোনও কোনও ক্ষেত্রে হাতের পেশির জোরও কমতে পারে। তবে এগুলি কেবলমাত্র গুরুতর ক্ষেত্রেই দেখা যায়। এমন উপসর্গ শুরু হলে অবহেলা করা একদম উচিত নয়।

মোবাইল থাক, অভ্যাস বা পড়াশোনার প্রয়োজনেই যখন মোবাইল ব্যবহার করতে হচ্ছে, তা একেবারে নিষেধাজ্ঞা সমাধান নয়। বরং কীভাবে এবং কতক্ষণ ব্যবহার করা হচ্ছে, সেটাই গুরুত্বপূর্ণ। ফোন বা ট্যাব যতটা সম্ভব চোখের সমতলের কাছাকাছি রাখ, দীর্ঘক্ষণ ঘাড় নিচু করে না থাকা এবং নিয়মিত বিরতি নেওয়া দরকার। নিতান্ত জরুরি কারণ ছাড়া ছাত্রছাত্রীদের মোবাইল ফোন ও ডিজিটাল ট্যাব থেকে দূরে থাকাই বুদ্ধিমানের কাজ। পাশাপাশি পর্যাপ্ত ঘুম, খেলাধুলা ও শারীরিক সক্রিয়তার জন্য আলাদা সময় রাখতে হবে। ঘাড়ের ব্যথা বারবার হলে বা ব্যথার সঙ্গে হাতে ঝিনঝিনি, অবশভাব বা হাতের জোর কমে যাওয়ার মতো লক্ষণ দেখা দিলে বিষয়টি অবহেল না করে চিকিৎসকের পরামর্শ নেওয়াই নিরাপদ।

জরুরী
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
গাইড
সার্কুলেশন আন্লিমিটেড
পত্রিকায়
বিজ্ঞাপন মাত্র
১০০ টাকায়*
নিম্নলিখিত নির্বাচিত ব্যক্তিগত কলমগুলিতে
কেবলমাত্র রান অন্ লাইন
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের ক্ষেত্রে উপরোক্ত দর প্রযোজ্য।
কিনতে চাই, কর্মপ্রার্থী, বাসা ভাড়া চাই,
আয়া / পরিচারিকা চাই, বন্ধু চাই, টিউটর চাই,
মিস্ত্রি চাই, হোম ডেলিভারী চাই, শুভেচ্ছা,
জন্মদিন*, বিবাহ বার্ষিকী*, নাম পদবী পরিবর্তন
উৎসব / অনুষ্ঠান (পারিবারিক), আবেদন,
সেকেন্ড্স সেল, শিক্ষক চাই (গান / আঁকা /
বাদ্যযন্ত্র), ব্যবহৃত দ্রব্যাদি বিক্রয়
(স্থাবর ও ফোর হুইলার ব্যতীত)।
* চিহ্নিত কলমগুলিতে ছবি প্রকাশ বাধ্যতামূলক।
বিজ্ঞাপনের চার্জ
প্রতি অক্ষর 2 টাকা। ন্যূনতম 100 টাকা।
পরবর্তী প্রতি অক্ষর 7 টাকা। অল বোল্ড প্রতি অক্ষর 8 টাকা।
চারপাশে বর্ডার 30 টাকা। বিজ্ঞাপনের শুরুতে
রিভার্স প্রতি সেমি 200 টাকা। ছবি 3 সেমি 400 টাকা।
বিজ্ঞাপন দপ্তর - 9233 44 45 46 / 700 180 4143
মালদা শহরে বাড়ি থেকে বিজ্ঞাপন সংগ্রহের অতিরিক্ত খরচ 30 টাকা।
● বিজ্ঞাপন দর কেবলমাত্র একক সংখ্যার জন্য। ● স্কিম প্রযোজ্য নয়



কত অজানারে

✪ ১১টি স্বরবর্ণ আর ৩৯টি ব্যঞ্জনবর্ণ মিলে বাংলা বর্ণমালার সংখ্যা ৫০। কিন্তু কেরলের মালয়ালম ভাষার বর্ণের সংখ্যা ৫৬।

✪ ১৯০৮ সালে এক ভয়ঙ্কর বিস্ফোরণে সাইবেরিয়ার ২০ হাজার বর্গকিলোমিটার বনাঞ্চল সম্পূর্ণ ধ্বংসস্তূপে পরিণত হয়। বিস্ফোরণের আসল কারণ এখনও অজানা।

✪ আজ পর্যন্ত মাত্র ১১ জন মানুষ উল্কাপাতের আঘাতে মারা গেলেও প্রতি বছর পৃথিবীতে গড়ে ১৫০ টনের মতো উল্কাপাত হয়ে থাকে।

✪ পাঞ্জাবে চিতার নদীর ওপর ভাকরা নাঙ্গাল বাঁধ নির্মাণ করতে গিয়ে প্রাণ হারিয়েছেন প্রায় ১৫১ জন শ্রমিক। এশিয়ার সর্বোচ্চ এই বাঁধটি নির্মাণ শেষ হয়েছিল ১৯৬৩ সালে।

✪ শিবা আয়াদুরাই, ভারতে জন্ম নেক্সা ওয়া এই মানুষটিই নিউ জার্সি বিশ্ববিদ্যালয়ে কাজ করার সময় ই-মেল আবিষ্কার করেন। ই-মেলের জন্মদিন ১৯৮২-র ৩০ আগস্ট।

✪ ১৬৬৬ সালের লন্ডন অগ্নিকাণ্ডের পর প্রথম আধুনিক বিমা কোম্পানি চালু হয়।

✪ ফারসি 'বে'মানে বিহীন বা ছাড়া 'লিল্লাহ''-র অর্থ আল্লাহর জন্য। দুইয়ে মিলে 'বেলেল্লা' শব্দের অর্থ আল্লাহর জন্যে নয়। অর্থ বদলে এখন হয়েছে ধর্মজ্ঞানহীন বা নির্লজ্জ।

✪ বড়লাট জর্জ অকল্যান্ডের দুই বোন, ফ্যানি আর এমিলি ইডেনের উৎসাহে কলকাতার হুগলি নদীর ধারে একটি মাঠের চারপাশে গাছ লাগিয়ে তৈরি হয় অকল্যান্ড সার্কাস গার্ডেন্স। পরে বাগানটির নামকরণ হয় 'ইডেন গার্ডেন্স'। প্রায় ৫০০ বছর আগে তিব্বতের পূর্ব অঞ্চল খাম-এ দাঙ্গা লাগায় এক দল লোক সেখান থেকে পালিয়ে এসে নেপালের খুম্বু উপত্যকায় আশ্রয় নেয়। তাদের বলে শেরপা। 'শেরপা' শব্দের অর্থ পূর্ব দিকের লোক।

✪ 'ফেসবুক' নয়, ২০০৩ সালের ২৮ অক্টোবর হার্ভার্ড ইউনিভার্সিটির ছাত্র মার্ক জুকারবার্গ নিজেদের বন্ধুদের সঙ্গে যোগাযোগ রাখার জন্যে যে প্রোগ্রামটির উদ্ভাবন করেন, তার নাম রেখেছিলেন 'Facemash"।

✪ অন্যের হৃৎস্পন্দন শোনার জন্যে ডাক্তাররা যে যন্ত্রটি ব্যবহার করেন, তার নাম স্টেথোস্কোপ। 'স্টেথোস্কোপ" শব্দটির আক্ষরিক অর্থ 'বুক দেখা' বা 'বুক পরীক্ষা'।

✪ 'দ্য হিপোক্রেটস ওথ'— প্রফেশনে ঢোকার আগে প্রত্যেক ডাক্তারকে এই শপথ বাক্যটি পাঠ করানো হয়। এটা লিখেছিলেন গ্রিক চিকিৎসাশাস্ত্রবিদ হিপোক্রেটস, খ্রিস্টপূর্ব ৫ শতাব্দীতে।

✪ মেদিনীপুরে রাজদ্রোহমূলক পত্রিকা "সোনার বাংলা" বিলি করার জন্য ১৯০৬ সালের ফেব্রুয়ারি মাসে ক্ষুদিরাম বসুকে গ্রেপ্তার করা হয়। অল্প বয়সের জন্য তাঁর বিরুদ্ধে মামলা প্রত্যাহার করে নেওয়া হয়। দু'বছর পর ১৯০৮ সালে ১৮ বছর বয়সে তাঁর ফাঁসি হয় অন্য এক কারণে। মহাত্মা গান্ধী বেশ কিছু দিন ধরে দু'হাত দিয়েই লেখার চেষ্টা করেছিলেন।

✪ প্রাচীন মিশরে মানুষের দেহের লোমকে অপবিত্র মানা হত। সেই কারণেই মন্দিরের পুরোহিতরা শরীরের প্রতিটি লোম তুলে ফেলতেন। এমনকী ভ্রু ও চোখের পাতাও।

✪ খেয়াল রাখবেন, সব তেল, তেল নয়। তিল থেকে সঞ্জাত যা, তাই তৈল বা তেল।

✪ কম্পিউটার বিজ্ঞানীরা গবেষণা করে দেখেছেন সবচেয়ে কম শব্দে মেসেজ-এ বক্তব্য পাঠানো যায় সংস্কৃত ভাষায়।

✪ শুধু রেডিয়াম নয়, মারি ও পিয়ের কুরি 'পোলোনিয়াম" নামে আরও একটি তেজস্ক্রিয় মৌল আবিষ্কার করেছিলেন। ইতিহাস ঘেঁটে দেখা যাচ্ছে, বিশ্বের প্রাচীনতম আসবাব হচ্ছে চেয়ার। যিশুখ্রিষ্ট জন্মানোরও প্রায় ২৭০০ বছর আগে মিশরের রাজাদের যে উচ্চাসনের কথা বলা হয়েছে, তা চেয়ারই।

✪ রোগীর মুখ দিয়ে ওষুধ খাওয়ানোর পরিবর্তে যদি তার শরীরের ভেতর সরাসরি ওষুধ প্রয়োগ করানো যায়, তবে সঙ্গে সঙ্গেই ফল পাওয়া যায়। এই ভাবনা থেকেই ফ্রান্সিস রিড উনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে ইঞ্জেকশনের সিরিঞ্জ যন্ত্রটি আবিষ্কার করেন।

✪ ফারসি 'তোন্দরোও' শব্দের অর্থ ক্ষিপ্র গতিসম্পন্ন বা দ্রুতগামী। সেই শব্দটি কীভাবে নির্লজ্জ বা বেয়াড়া অর্থে 'ত্যাঁদড়' হয়ে উঠল, কে জানে!

✪ মোটামুটি ১৩ হাজার টুকরো অংশ জুড়ে তৈরি হয় একটি মোটরগাড়ি।

✪ প্রথম যুগে গাড়ির জ্বালানি রূপে ব্যবহার করা হত ন্যাপথা আর প্যারাফিন।

